# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১২২৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৩. দ্বিতীয় অনুচ্ছেদ - ক্বিয়ামুল লায়ল-এর প্রতি উৎসাহ দান

### আরবী

عَنْ أَبِي أُمَامَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «عَلَيْكُمْ بِقِيَامِ اللَّيْلِ فَإِنَّهُ دَأْبُ الصَّالِحِينَ قَبْلَكُمْ وَهُوَ قُرْبَةٌ لَكُمْ إِلَى رَبِّكُمْ وَمَكْفَرَةٌ لِلسَّيِّئَاتِ وَمَنْهَاةٌ عَنِ الْإِثْمِ» . رَوَاهُ التِّرْمِذِيّ

### বাংলা

১২২৭-[৯] আবূ উমামাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের জন্যে ক্বিয়ামুল লায়ল (তাহাজ্জুদের সালাত) আদায় করা আবশ্যক। কারণ এটা তোমাদের পূর্বের নেক লোকদের অভ্যাস। (তাছাড়াও এ) ক্বিয়ামুল লায়ল আল্লাহর নৈকট্য লাভ আর পাপের কাফফারাহ্। তোমাদেরকে পাপ থেকেও (এ ক্বিয়ামুল লায়ল) ফিরিয়ে রাখে। (তিরমিযী)[1]

### ফুটনোট

[1] হাসান লিগায়রিহী : আত্ তিরমিযী ৩৫৪৯, সহীহ ইবনু খুযায়মাহ্ ১১৩৫, সুনান আল কুবরা লিল বায়হাক্বী ৪৩১৭, সহীহ আত্ তারগীব ৬২৪, সহীহ আল জামি‘ ৪০৭৯।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: ক্বিয়ামুল লায়ল দ্বারা সালাতুত্ তাহাজ্জুদ উদ্দেশ্য। এ সালাত নাবী-রসূল, নেককার সালিহীন ও আল্লাহর ওলীদের আদত, শান এবং ধারাবাহিক ‘আমল। একে আদতে কাদীমাহ্-ও বলা হয়। এ বিশেষ ‘আমল গুনাহ মিটিয়ে দেয় বা গুনাহের কাফফারাহ হয়। তাকে অন্যায় ও পাপ থেকেও ফিরিয়ে রাখে, যেমন আল্লাহর বাণীঃ ‘নিশ্চয় সালাত (মানুষকে) অশ্লীল ও গর্হিত কাজ থেকে ফিরিয়ে রাখে।’ সর্বোপরি এটা একটা রোগ প্রতিরোধক স্বাস্থ্যসম্মত বিধানও বটে। সুতরাং হাদীসের অর্থ হলোঃ ক্বিয়ামুল লায়লের মাধ্যমে আল্লাহর নৈকট্য লাভ হয়, এটা অশ্লীল গর্হিত ও নিষিদ্ধ কাজ থেকে মানুষকে ফিরিয়ে রাখে এবং মানব দেহকে রোগ ব্যাধি থেকে মুক্ত ও পবিত্র রাখে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55787

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন